শ্রুতিমঞ্জরী
শারদীয়া ২০২৫
মুক্ত বিহঙ্গ

শ্রুতিমঞ্জরী শারদীয়া ২০২৫

মুক্ত বিহঙ্গ

ShrutiManjari

Sharodiya 2025

Muktobihango

সূচীপত্র

আমাদের কথা	মঞ্জরী রায়	১
আলো	সমতা মখার্জী	৬
অপ্রেম	অমিতাভ গিরি	৭
The Path Unknown	Anwita Vargabhi	৮
ফিরে দেখা (১)	অরিত্র কুমার ভুঁইয়া	৯
ফিরে দেখা (২)	অরিত্র কুমার ভুঁইয়া	১২
Oh Calcutta	Aritro Kumar Bhuinya	১৪
Big versus Small	Bianca Dutta	১৫
মা	দেবস্মিতা পাল	১৯
Chasing Sunsets in the Golden Peninsula	Drishik Majumdar	২০
কী লিখব!	মৌসুমী মজুমদার	২৩
ফানুস	রিঙ্কু ঘোষ	২৫
স্বাধীনতা	শুভ্রনীল সোম	২৬
Agnipariksha	S. Medha	২৭
Why the Switch	S. Medha	২৮

সূচীপত্র

26, Unyielding India	S. Medha	৩০
এবারেও মা যদি আসিস	স্বাগতা মিত্র	৩২
ইচ্ছেডানা	মধুমিতা দত্ত	৩৪
The Child in us	পাপিয়া দাস	৪০
ইচ্ছেডানা	জয়িতা দত্ত	৪১
Adventure in the wilderness of Dooars	Aradhana Ghosh	৪২
The Mutinous Soul	Dr Pinky Sarma	৪৪
My Durgapuja Memories A Nostalgia	Paushali NagChowdhury	৪৫
ছড়াছবি	ShrutiManjarians	৪৯

আমাদের কথা –

২০২৪- খাতায় কলমে পায়ে পায়ে পাঁচ। শুরু থেকে শুরু করা – কোন কাজই সহজ নয়। কিন্তু যখন অজান্তে কারো প্যাশন তার প্রফেশন হয়ে যায় , তখন কাজ আর ক্লান্তি সব মিশে গিয়ে নতুন কিছুর জন্ম দেয় । সে ভাবেই শ্রুতিমঞ্জরীর জন্ম । গত পাঁচ বছরে চরাই উতরাই একটুও কম ছিল না। দীর্ঘ ১৬ বছর পর কলকাতায় মঞ্চে ফেরাও সহজ ছিল না। অন্যান্য শহরে কবিতালাপে নিজের ছাপ রাখলেও নিজের শহরে সেই কাজ নিয়ে আসাটা ছিল চ্যালেঞ্জের। কোভিড অনেকের অনেক কিছু আটকে দিলেও আমাদের রাস্তা বন্ধ করে উঠতে পারেনি। লোকের চেষ্টা ছিল অনেক , যেমন “অনলাইনে এই সব শেখানো টেখানও যায় না”, যা ইচ্ছে করলেই হল? “ “ দেখো, কী হয়- ক’দিন টানতে পারো”!

এক ঝটকায় কোভিড এনাদের প্রত্যেককে শিখিয়ে দিয়ে গেল যগের সাথে কী ভাবে চলতে হয়। তাই এখন আর এমন কেউ নেই যিনি এটা লেখেন না যে “অনলাইন অফলাইন দুভাবেই আবৃত্তি শেখানো হয়” । হাসি পায় – ভালো ও লাগে। শ্রুতিমঞ্জরী অফিশিয়াল মানে কাগজে কলমে হওয়ার পর আমার স্কুলের এক ক্লাস সিনিয়র নবমিতা দি তার মেয়ে রাইলি কে দেয় শ্রুতিমঞ্জরীর কাছে, সেই সাথে টেক্সাস থেকে ওর পরিচিত প্রায় সকলেই শ্রুতিমঞ্জরীর ছাত্র ছাত্রী হয়ে বেশ কয়েক বছর এখানে ক্লাস করেছে, বাংলা ও শিখেছে। স্কুল শিক্ষিকা অঞ্জনা দিদিমণির মেয়ে শালমলী, মুম্বাই এর বন্ধু-দিদি বিশাখা চ্যাটার্জীর মেয়ে ঋষিতা, বন্ধু দিয়ার ছেলে আবীর এদের দিয়ে শুরু হল পথ চলা।

ধীরে ধীরে বাড়তে থাকে স্টুডেন্ট সংখ্যা। অয়ার্কশপ, একের পর এক অনলাইন অনুষ্ঠান চলতে চলতে শ্রুতিমঞ্জরীর জনপ্রিয়তা এবং প্রসারতা বাড়তে থাকে। যারা এই মুহূর্তে এই লেখা পড়ছেন – আপনাদের প্রত্যেকের ভালবাসায় পৃথিবীর সব প্রান্তে পৌঁছে আমরা বাংলা ভাষা এবং আবৃত্তি চর্চা দক্ষতার সঙ্গে পৌঁছে নিয়ে গেছি। আজ সারা ভারত, দুবাই, লন্ডন, আমেরিকা, বাংলাদেশ, কানাডা, অস্ট্রেলিয়া, ইউরোপ জুড়ে আমাদের ছাত্র ছাত্রীরা ছুড়িয়ে – এরা প্রত্যেকে আমাদের গর্ব।

শ্রুতিমঞ্জরী অফিশিয়াল স্বীকৃতি পাওয়ার এক বছরের মধ্যেই আমরা আর একটি অনুমতি পাই – শ্রুতিমঞ্জরী শিল্প প্রতিষ্ঠানের স্বীকৃতি পায় – সর্ব্বহারতীয় সঙ্গীত ও সংস্কৃতি পরিষদ থেকে। শুধু আবৃত্তি ই নয়, যোগাসন সহ অন্য যে কোন শিল্প বিষয়ে পরীক্ষা ও ডিপ্লমা সার্টিফিকেটের অনুমতি পায় এই শ্রুতিমঞ্জরী।

কোভিড কমতে থাকল আর আমাদের প্রসারতা বাড়তে থাকল। ২০২২ – অক্টোবর – শ্রুতিমঞ্জরী কলকাতায় নিয়ে এলো এক অন্য স্বাদে চমকপ্রদ অনুষ্ঠান "শ্রুতিসন্ধ্যা"। তারপরের বছরই এলো শ্রুতিমঞ্জরীর নিজস্ব আঙ্গিকে তৈরী করা কলকাতা, ভারত তথা বিশ্বের দরবারে প্রথম "কবিতাস্কেপ"। পরবর্তী কালে বিভিন্ন প্রতিষ্ঠিত শিল্পীরা এই কবিতাস্কেপের ওপর কাজ করেছেন – তাতে আমরা গর্বিত এবং আপ্লুত।

২০২৩ – শ্রুতিমঞ্জরীর ৬ জন প্রতিযোগী নাম দিল পরিষদের অনলাইন আবৃত্তি প্রতিযোগীতায়। ৬ জন ই পেল স্থান,সাথে মেডেল ও সার্টিফিকেট। এক ই বছরে ৪ জনকে পাঠানো হল আকাশবাণী অডিশনে, এই ৪ জনেই বর্তমানে আকাশবাণীর শিশু শিল্পী হিসাবে গণ্য।

২০২৩ এ শ্রুতিমঞ্জরী পুরস্কৃত হল
বিভিন্ন মঞ্চে ডাক পরা শুরু – তার মধ্যে উল্লেখযোগ্য হল মহাজাতি সদনে পরিষদের সমাবর্তন উৎসবে আমাদের পরিবেশনা। ছোটরা কইয়েকজন পরিবেশিত করল কবিতা কোলাজ “বাল্যশিক্ষা”।

কয়েকটি স্কুলের ছোটো বাচ্চাদের ছড়া আবৃত্তি, গল্প বলা শেখানো শুরু হল – সেও অনলাইনে। শ্রুতিমঞ্জরী বিশ্বাস করে শারিরীক এর পাশাপাশি মানসিক স্বাস্থ্য র খেয়াল রাখা এবং তাঁকে লালন করা খুব ই জরুরি। ৮ থেকে ৮০ এবং তার ও বেশি বয়স্কদের মানসিক স্বাস্থ্য সুন্দর রাখতে আলাদা ভাবে ক্লাস শুরু করা হয়।

শ্রুতিমঞ্জরী অফিশিয়াল স্বীকৃতি পাওয়ার এক বছরের মধ্যেই আমরা আর একটি অনুমতি পাই – শ্রুতিমঞ্জরী শিল্প প্রতিষ্ঠানের স্বীকৃতি পায় – সর্ব্বহারতীয় সঙ্গীত ও সংস্কৃতি পরিষদ থেকে। শুধু আবৃত্তি ই নয়, যোগাসন সহ অন্য যে কোন শিল্প বিষয়ে পরীক্ষা ও ডিপ্লমা সার্টিফিকেটের অনুমতি পায় এই শ্রুতিমঞ্জরী।

কোভিড কমতে থাকল আর আমাদের প্রসারতা বাড়তে থাকল। ২০২২ – অক্টোবর – শ্রুতিমঞ্জরী কলকাতায় নিয়ে এলো এক অন্য স্বাদে চমকপ্রদ অনুষ্ঠান “শ্রুতিসন্ধ্যা”। তারপরের বছরই এলো শ্রুতিমঞ্জরীর নিজস্ব আঙ্গিকে তৈরী করা কলকাতা, ভারত তথা বিশ্বের দরবারে প্রথম “কবিতাস্কেপ”। পরবর্তী কালে বিভিন্ন প্রতিষ্ঠিত শিল্পীরা এই কবিতাস্কেপের ওপর কাজ করেছেন – তাতে আমরা গর্বিত এবং আপ্লুত।

২০২৩ – শ্রুতিমঞ্জরীর ৬ জন প্রতিযোগী নাম দিল পরিষদের অনলাইন আবৃত্তি প্রতিযোগীতায়। ৬ জন ই পেল স্থান,সাথে মেডেল ও সার্টিফিকেট।

একই বছরে ৪ জনকে পাঠানো হল আকাশবাণী অডিশনে, এই ৪ জনেই বর্তমানে আকাশবাণীর শিশু শিল্পী হিসাবে গণ্য।
কয়েকটি স্কুলের ছোটো বাচ্চাদের ছড়া আবৃত্তি, গল্প বলা শেখানো শুরু হল – সেও অনলাইনে।

শ্রুতিমঞ্জরী বিশ্বাস করে শারিরীক এর পাশাপাশি মানসিক স্বাস্থ্য র খেয়াল রাখা এবং তাঁকে লালন করা খুব ই জরুরি। ৪ থেকে ৮০ এবং তার ও বেশি বয়স্কদের মানসিক স্বাস্থ্য সুন্দর রাখতে আলাদা ভাবে ক্লাস শুরু করা হয়।

শ্রুতিমঞ্জরীর একটি স্বতন্ত্র বৈশিষ্ট্য হল কবিতা কোলাজ – গুরু অমিতাভ বাগচীর পথ প্রদর্শন করে প্রতিষ্ঠানের কর্ণধার মঞ্জরী আজও সেই ধারাকে এগিয়ে নিয়ে চলেছেন।
২০২৪, বছরের শুরুতে সুযোগ এলো বিদেশ মাটিতে আবৃত্তি এবং কবিতাস্কেপ পরিবেশনের। দুবাই এম্ব্যাসিতে সর্বভারতীয় সঙ্গীত ও সংস্কৃতি পরিষদের আহ্বানে পরিবেশিত হল – রোজ...

শ্রুতিমঞ্জরী নাম ও লোগো ট্রেডমার্ক লাইসেন্স পেল।
এই বছর আমাদের ১৮ জন স্টুডেন্ট অংশগ্রহণ করল অনলাইন জেলা ভিত্তিক আবৃত্তি প্রতিযোগীতায়। ১৭ জন বিভিন্ন স্থানে নিজেদের জায়গা করে নিল। ডাক পেতে লাগল বিভিন্ন অনুষ্ঠানে – তৈরী হল শ্রুতিমঞ্জরীর পারফরমেন্সের দল। যারা যে কোন সময়ে নিজেদের প্রস্তুত করে নেয় অনুষ্ঠান পরিবেশন করার জন্য। আর এই ২০২৫ এ সেই সংখ্যা বেড়ে দাঁড়াল ।

এর মধ্যে পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় থেকে ডাক এলো সেখানে গেস্ট লেকচারার হিসাবে আবৃত্তির পাথক্রম অনুযায়ী ওনাদের ছাত্রছাত্রীদের ক্লাস নেওয়া। এ এক অন্য অভিজ্ঞতা।

এরপর এলো বার্ষিক অনুষ্ঠানের প্রস্তুতি পর্ব। ২০ বছর আগের একটি চিন্তা হঠাৎ ই ভাবনা হয়ে মাথায় ঘুরতে লাগল।

লিখে ফেললাম স্ক্রিপ্টটা। একটি নির্দিষ্ট গ্রুপের নৃত্য শৈলীকে মাথায় রেখে এই কবিতা কোলাজ তথা কবিতা স্কেপের ভাবনা। ভেবেছিলাম ওনার ছাত্রছাত্রী রা যদি রাজি হন! কিন্তু অদ্ভুত যোগাযোগে শিল্পী নিজেই যে এতটা উৎসাহ দেখাবেন এবং সেটা মঞ্চে সফল হবে সে ভাবনা কখনো স্বপ্নেও আসে নি। ডিসেম্বর ২০২৪ – কলকাতার কলামন্দির অডিটোরিয়ামে শ্রুতিমঞ্জরীর অনুরোধে স্বয়ং পদ্মশ্রী শ্রীমতি মমতা শঙ্কর আমাদের স্ক্রিপ্ট শুনে রাজি হয়ে যান এবং “মধুময় পৃথিবীর ধূলি” কবিতা স্কেপের পাশাপাশি পরিবেশিত হয় মমতা শঙ্কর ডান্স কোম্পানীর বিশেষ নিবেদন “অমৃতস্য পুত্রাঃ” । কলামন্দির দর্শকাসন পূর্ণ হয়ে ওঠে ।

২০২৫ জানুয়ারি – এবার ইউরোপ পারি দেওয়ার পালা। সর্ব্বভারতীয় সঙ্গীত ও সংস্কৃতির আমন্ত্রণে আরও একবার সুযোগ হল কবিতাস্কেপ নিয়ে বিদেশ পারি দেওয়ার। সময়ের সাথে সাথে এবং আপনাদের শুভেচ্ছায় চলতে থাকুক শ্রুতিমঞ্জরী , সকলকে নিয়ে এগিয়ে চলুক।

সকলকে শারদ ও দীপাবলির শুভেচ্ছা

মঞ্জরী রায়
ভারত

আলো

সমতা মুখার্জী

একদিন তার কাছে লাল আকাশ চাইলাম
এক মোচড়ে বুকের ভিতর থেকে
হৃৎপিণ্ড নিয়ে এসে বললো
এই নাও দগদগে লাল আকাশ।

একদিন তার কাছে হিমেল বাতাস চাইলাম
এক ফুইয়ে উড়িয়ে দিলো এক গুচ্ছ চুল
চোখের উপর থেকে,
স্নিগ্ধ হলাম আমি।

একদিন তার কাছে এক পশলা বৃষ্টি চাইলাম
হঠাৎ ঝরে লন্ডভন্ড চারদিক
প্রবল ধূলারাশি আচ্ছন্ন করলো আমায়
তবে কি সে হারিয়ে গেলো দিতে দিতে।

নিকষ কালো অন্ধকার গ্রাস করলো আমায়
করজোড়ে ভিক্ষা করলাম আমি
আলো চাই একটু আলো ,
দূর থেকে এলো সেই আকাশবাণী -

" মাথা তুলে দেখো আমি সেই আলোকবিন্দু
প্রস্তুত হও, শুরু করো নবযাত্রা
অন্ধকার হতে আলোর পথে"।।

অপ্রেম

----- **অমিতাভ**

আসতে পারনি প্রেমেতে,
তাই অপ্রেমেতে এসো,
বসার ঘরে থাকবে আসন,
ওইখানেই বসো।

আমি থাকব পড়ার ঘরে,
সামনে খোলা খাতা,
ছন্দের অঙ্ক কষতে বসে,
ভরেই চলছে পাতা।

তুমি না হয় নিয়ে এসো
পেন্সিল আর তুলিখানি,
ভালোবাসার ছোঁয়ায় আঁকো
অপ্রেমেরই কাহিনী।

আমিও না হয় বন্ধ রেখে
ছন্দের সব হিসাব,
লিখতে বসি না দেওয়া
সব প্রশ্নের জবাব।

পূর্ণ হলে তোমার ছবি,
ডাক পাঠিও আমায়।
মিলিয়ে নেব কী লিখলাম
অপ্রেমেরই খাতায়।

বন্ধ হল চোখ আমার,
দেখতে গিয়ে ছবি।
একই কথা ভেবে চলি –
তুমি -আমি সবই !

তুমি এঁকেছ যে রঙে,
আমি লিখেছি তাতে -
না বলা কথা মিলে যায়
এই অনন্ত রাতে।

তোমার তুলির আঁচড়ে
ফোঁটে যে ছায়াপথ,
সেই পথেতেই এগিয়ে চলে
আমারও রথ।

যেখানেতে থামাও
তোমার তুলির টান
দূরে থেকেও শুরু যে হয়
আমার এ গান।

দূরত্ব পায় বদনাম শুধু
তুমি আমি জানি।
না দেখাতেও খুলতে পারে
বন্ধ ছিটকানি।

অশরীরী টানে হয়
বহু দূরত্বেরও ক্ষয়।
প্রেমের উর্ধে অপ্রেমের-
দীপশিখা জ্বলে রয়।

না থাকার ব্যথা নেই আর,
নেই না পাওয়ার ভয়।
তুমি আমি বেশ আছি
এ সুখ আশেষময়।

স্মৃতির অনন্ত ছায়ায়
শুরু এ যাত্রা
অপ্রেমের পথে পেল
এ প্রেম পূর্ণতা।

The Path Unknown-

By Anwita Vargabhi

I took a road I had never known No map, no guide, I walked alone The trees stood still, the sky was wide, And all I had was time and tide.

The signs had vanished, winds grew strong Yet something urged me to move on My heart beat loud, A drum of doubt, Still, every step, I, figured out.

The fields grew dark, the stars hiddeep, The rivers murmured songs in sleep. I asked the moon-" Where do I go?" It simply smiled with silver glow.

The past was far, the future dim, I could not tell the shore from rim. But strangely in that fear and flight, I found a spark, a little light.

Not every soul that roams is lost, some journeys bloom despite the cost. In winding turns and shadows cast, we meet the truths that always last

For getting lost is not the end, It breaks, it bends, and then it mends. It teaches more than book can show The strength to stay, the will to grow

So now I walk with open eyes, no need for rules no need for ties. For in that loss, I came to see-The path unknown was finding me.

ফিরে দেখা.....!!!!”

অরিত্র কুমার ভুঁইয়া

আমার জীবনের প্রতিটি পাতায় কলকাতা লেখা আছে। শৈশবের সকালগুলো শুরু হতো গঙ্গার হাওয়ায়, স্কুলের ইউনিফর্মে ঘামভেজা দুপুরগুলো কেটেছে কলেজ স্ট্রিটের গলিপথে, আর সন্ধ্যা নামলেই মোড়ের চায়ের দোকানে আড্ডায় মেতে উঠতাম বন্ধুদের সঙ্গে। বৃষ্টির দিনে ট্রামের জানালা দিয়ে বাইরে তাকিয়ে ভিজে যাওয়া রাস্তা, বইমেলার ঠাসা ভিড়ের ভেতর নতুন বইয়ের গন্ধ—এসবই আমার জীবনের রঙিন অ্যালবাম। তাই একসময় মনে হয়েছিল—“এই শহর ছাড়া আমার চলবেই না। আমি কখনোই কলকাতা ছেড়ে যাব না।”

কিন্তু জীবনের পথ সবসময় আমাদের ইচ্ছে মেনে চলে না। নিজের কর্মজীবনের জন্য, পরিবারের দায়িত্বের জন্য আমাকে চলে যেতে হলো বহু দূরে—দুবাইতে। সেই দিনটার কথা আজও মনে পড়ে। বিমানবন্দরে দাঁড়িয়ে যখন কলকাতার আকাশকে শেষবারের মতো দেখছিলাম, মনে হচ্ছিল বুকের ভেতরটা ফাঁকা হয়ে যাচ্ছে। তবু ভেবেছিলাম—“যাই হোক, একদিন আমি ফিরব। আবার আমার কলকাতার রঙ, গন্ধ আর ছন্দের ভেতর ডুবে যাব।” এই আশাতেই আমি নিজেকে সান্ত্বনা দিয়েছিলাম।

কিন্তু বছর পেরিয়ে গেল। আমি পরিশ্রম করলাম, নতুন জীবনে মানিয়ে নিলাম, দূরের দেশে দাঁড়িয়েও কলকাতাকে বুকে আগলে রাখলাম। প্রতিদিন রাতে বারান্দায় দাঁড়িয়ে আমি যেন শুনতে পেতাম ট্রামের ঘণ্টা, চায়ের দোকানের হাসি, বইমেলার ডাক। কলকাতা আমার স্মৃতির ভেতর এক জীবন্ত শহর হয়ে রইল।

অবশেষে বহু বছর পর ফিরে এলাম। হৃদয় ভরে উঠেছিল আনন্দে—আজ আবার আমার শহরকে পাবো। কিন্তু ফিরে এসে যেন স্তব্ধ হয়ে গেলাম। রাস্তাগুলো অপরিচিত, বাতাস ভারী, ট্রামের সুর যেন হারিয়ে গেছে। সেই মাঠগুলো যেখানে ছোটবেলায় ক্রিকেট খেলতাম, এখন কংক্রিটে ভরা। যে গলিগুলোয় বন্ধুর সঙ্গে আড্ডা দিতাম, সেগুলোতে আজ ব্যস্ততা আর নিঃশব্দ ক্লান্তি। মনে হলো, আমি যেন অন্য এক শহরে এসে দাঁড়িয়েছি।

আমি বুঝতে পারলাম, সময় শুধু আমাকে বদলায়নি—আমার শহরকেও বদলে দিয়েছে। আমি যে কলকাতাকে বুকে বেঁধে রেখেছিলাম, সে আসলে আজ আর নেই। সে রয়ে গেছে কেবল আমার স্মৃতির পাতায়। এই উপলব্ধি আমাকে ভীষণ কষ্ট দিল। প্রথমে ভেবেছিলাম স্মৃতিগুলো সঙ্গে নিয়ে দুবাই ফিরব, কিন্তু শিগগিরই বুঝলাম—ওই স্মৃতিগুলো আমার কাছে সুখের চেয়ে যন্ত্রণাই বেশি বয়ে আনবে। কারণ প্রতিটি স্মৃতি আমাকে মনে করিয়ে দেবে আমার সেই হারিয়ে যাওয়া কলকাতার কথা।

বিদায়ের আগে তবুও আমি চুপ করে থাকতে পারলাম না। কলকাতাকে আমি একটি উপহার দিলাম—আমার লেখা একটি কবিতা। কবিতার প্রতিটি লাইনে আমি লিখলাম আমার ভালোবাসা, আমার কৃতজ্ঞতা, আমার না-পাওয়ার ব্যথা। আমি বিশ্বাস করি, এই শহর আমাকে যে পরিচয়, যে স্বপ্ন, যে শেকড় দিয়েছে, তার প্রতিদান আমি কখনোই দিতে পারব না। তবুও এই কবিতাটা আমার তরফ থেকে কলকাতাকে দেওয়া একটি ছোট্ট উপহার—একজন সন্তানের ভালোবাসা মায়ের প্রতি নিবেদনের মতো।

অরিত্র কুমার ভুঁইয়া

আজ আমি হয়তো দূরে আছি। দুবাইয়ের মরুভূমির রোদে, অচেনা ভিড়ের মাঝে আমি বেঁচে আছি, কিন্তু আমার ভেতরের হৃদস্পন্দনে এখনও কলকাতার সুর বাজে। আমি জানি, আমার কলকাতা হয়তো হারিয়ে গেছে, কিন্তু সে চিরকাল বেঁচে থাকবে আমার ভেতরে। আমার হাসিতে, আমার কান্নায়, আমার কলমের প্রতিটি অক্ষরে।

কলকাতা আমাকে শিখিয়েছে ভালোবাসতে, স্বপ্ন দেখতে আর নিজের শেকড়কে কখনো ভুলতে না। তাই আমার জীবন যত দূরেই গড়াক, যতই পাল্টে যাক, আমার আসল ঠিকানা থাকবে একটাই—আমার কলকাতা।

ফিরে দেখা
পর্ব ২ : “দুর্গাই যাবেন বাপের বাড়ি”

দুবাইতে আমার সকাল শুরু হয় একেবারেই অন্যভাবে। সূর্যের তীব্র আলো জানলার পর্দা ভেদ করে ঢুকে পড়ে, মরুভূমির বাতাস শুষ্ক, গরম আর নির্জীব। আকাশ যেন সবসময় একই রঙের—নির্জীব নীল, যেখানে পাখির ডানার শব্দ নেই। এখানে সময়টা চলে একেবারে ভিন্ন ছন্দে—অফিস, ব্যস্ততা, ঝলমলে শপিং মল, কাঁচের সুউচ্চ অট্টালিকা। এখানে আলো আছে, চাকচিক্য আছে, কিন্তু নেই সেই হৃদয়ের টান, নেই সেই উষ্ণতা।

আমি অবশ্য শিখে নিয়েছি মানিয়ে নিতে। মরুভূমির গরমে নিজেকে গড়ে তুলেছি, একরকম কৃত্রিম ছন্দে বাঁচতে শিখেছি। সময় আমাকে শিখিয়েছে কিভাবে এগিয়ে যেতে হয়, কিভাবে অতীতের জন্য কাঁদতে নেই। বাইরে থেকে আমায় দেখে মনে হবে আমি একজন সফল প্রবাসী—জীবনের ছন্দে পুরোপুরি মিশে গেছি।

কিন্তু সত্যিটা ভেতরে লুকিয়ে আছে। একটুকরো কলকাতা এখনও প্রতিদিন আমাকে তাড়া করে। বিশেষ করে যখন আসে সেপ্টেম্বরের শেষ সপ্তাহ। ঠিক তখনই মনে হয়—এখন কলকাতায় ভোর চারটা বাজছে। বাড়ির সবাই রেডিও খুলে বসেছে। বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের সেই অবিস্মরণীয় কণ্ঠ ভেসে আসছে, আর সকালের আলোয় জানলা দিয়ে ঢুকে পড়ছে শরতের হাওয়া। আমি যেন আবার ছোট্ট ছেলে হয়ে গেছি—ঘুম চোখে বিছানায় বসে শুনছি মহালয়ার গান।

দুবাইয়ের ঘড়ি তখনও চলছে নিজের নির্লিপ্ত ছন্দে। অফিসে যেতে হবে, নথি জমা দিতে হবে, মিটিংয়ে বসতে হবে। কিন্তু আমি জানি, সেই সময় কলকাতায় মানুষ রাস্তায় বেরিয়ে পড়েছে, প্যান্ডেলের আলো জ্বলছে, চায়ের দোকানে আড্ডা জমছে। এই বৈপরীত্যই আমার জীবনের সবচেয়ে বড় যন্ত্রণা।

পুজোর দিনগুলো ছিল আমার জীবনের রঙিন অ্যালবাম। ষষ্ঠীর সকালে নতুন জামার উচ্ছ্বাস, সপ্তমীর কাশফুল ভরা মাঠ, অষ্টমীর অঞ্জলিতে মায়ের আঁচল আঁকড়ে দাঁড়ানো, নবমীর রাতে বন্ধুদের সঙ্গে নির্ঘুম প্যান্ডেল হপিং—এসবই আমার হৃদয়ের ভেতর আজও জীবন্ত। আর দশমীর সিঁদুরখেলায় মায়েদের হাসি-কান্না মেশানো মুখগুলো? সেগুলোই ছিল আমার শিকড়ের আসল ছবি।

এমন সময়ে একটা তীব্র উপলব্ধি আমাকে কুরে কুরে খায়। দেবী দুর্গা প্রতিবছর নিজের বাপের বাড়ি ফিরে আসেন, আর সারা বাংলায় তাঁর এই আগমনকে ঘিরে হয় উৎসব। কিন্তু আমি, যে প্রকৃত অর্থে নিজের বাড়ি থেকে হাজার মাইল দূরে, আমার ফেরার কোনো উৎসব নেই। আমার ঘরে ফেরার দিন কেউ গণনা করে না, কেউ প্রতীক্ষা করে না। এ কারণেই আমার কাছে দুর্গাপুজো একসঙ্গে আনন্দের আর বেদনার ছবি—মায়ের বাড়ি ফেরা, অথচ আমার না ফেরা।

এখানে দুবাইতে যতই মানিয়ে নিই, যতই সময়কে কাজে লাগাই, সেই শূন্যতাটা থেকে যায়। এখানে উৎসব মানে ক্যালেন্ডারের একটি তারিখ, অফিস থেকে ছুটি পাওয়া বা না পাওয়া। কিন্তু কলকাতার পুজো ছিল অন্যরকম—সেখানে উৎসব মানে ছিল মানুষের হৃদয় একসাথে ধ্বনিত হওয়া।

প্রবাসে থাকতে থাকতে আমি শিখেছি স্মৃতিকে লুকিয়ে রাখতে। বাইরে থেকে আমি হাসি, মানিয়ে নিই, চলতে থাকি। কিন্তু গভীর রাতে, যখন শহর ঘুমিয়ে পড়ে, তখন বুকের ভেতর ভেসে ওঠে সেই কলকাতার রাস্তাঘাট, আলো, আর বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের কণ্ঠ। তখন মনে হয়—আমার আসল ঠিকানা এখনও ওই শহরই

দুবাই আমাকে শিখিয়েছে কিভাবে এগিয়ে যেতে হয়, কিন্তু কলকাতা শিখিয়েছে কিভাবে হৃদয়ের ভেতরে একটা শহর চিরকাল বাঁচিয়ে রাখা যায়। আমি হয়তো আর পুজোর ভিড়ে ফিরতে পারব না, কিন্তু ভোর চারটায় মহালয়ার দিনে, বীরেন্দ্রকৃষ্ণের কণ্ঠে, আমি প্রতিবারই কলকাতার কাছে ফিরে যাই।

অরিত্র কুমার ভুঁইয়া
একাদশ শ্রেণী
NAME- ARITRA KUMAR BHUINYA
CLASS- 11 SCHOOL- BIRLA HIGH SCHOOL

Oh Calcutta!!

Aritra Kumar Bhuinya

Oh Calcutta!,my Calcutta!
The city of delight,where
History takes flight.
From the chaotic fish markets
To the calm Ganges,
Everything tells a tale.

Oh Calcutta!,my Calcutta!
Your sweetness beholds, In every bite
A mystery unfolds. From the sweet
Rosogolla to the spicy fish fry,
Everything tells a tale of taste.

Oh Calcutta!,my Calcutta!
In your heart a festival lies,where
devotion stands with a fragrant trail.
Dhak beats echoes through the festive air,
Durga Pujo's spirit is beyond compare.

Oh Calcutta!,my Calcutta!
I forgot about the literary bazar, where
books whisper with a twister.
In the narrow lanes of Boi Para
knowledge weaves through every beat.
Nevertheless, it's College Street.

Oh Calcutta!,my Calcutta!
It's time for a goodbye
For, I have to leave for Dubai.
A chapter ends,yet echoes remain,
In the city of joy,love will sustain

BIG VERSUS SMALL

Bianca Dutta

“Thank You! Mr. John Ele, for your deeply shown empathy and kindness. You have my word and there will be a day when I’ll return this favour of yours. Favour sounds too demeaning a word, I must say would thank you properly, Sir! I should add, you have earned my heartfelt respect, you are a true beast of honour. Please accept my bow.”

A long long time ago in the happy land of Belzia there lived a nest of mouse, they were not hundreds but thousands all rooted in the royal aristocrat lineage of the most learned Belzian clan. They were spread across various parts of Belzia and as their royal blood proclaims they led a refined life, lived in luxurious earth pockets with fine ventilation and courtesy to the weather conditions of Belzia they never had any dearth of food. They mostly fed on the fertile lands in and around Belzia and these lands produced various kinds of crops. The human community, even though aware of the *mousely* interruptions never bothered much as besides feeding on the crops the mice also got rid of the crop infecting insects and hence it was a mutual communion between both the fraternities.

On one of the beautiful Sunday sunny mornings while the Alan Belzian Mouse family was having their sumptuous breakfast, they felt a vibration. It stopped in a minute but repeated and then re-repeated. The head of the family, Mr. Rob Alan didn’t have good feelings about this and sensed danger. He somewhere read blind mole rats were the first mammals whose sense of vibration was recorded and hence ensures the fact that animals, especially the mouse



organization should ideally sense and feel vibrations naturally as a classification of their sensory organs' arrangement and built. His natural sense told him what he witnessed was no natural thing. He immediately took his coat and hat and walked out to talk to the head of their community, Mr. Brown and eventually all the eminent members of the clan were summoned in the discussion. All of them mentioned a somewhat feeling of some minor vibration, but none except two or three thought it to be a threat.

Later the vibration continued without any pause but at a low scale like before.

Upon a lot of discussion and on the advice of the leader Mr. Brown they decided to evacuate their homes and move to the nearby village of Altoria. Some of the Belzian families migrated there in the past and the community of Altoria would be more than happy to accommodate the Belzians.

The preparations started and they had to be quick. In an hour's time all left their homes for the village of Altoria; just then Mr. Rob Alan exclaimed, "Friends, we should inform about this to the Elephant community of Eton Belzia. We should not forget the favour they did us last winter. I hope we didn't forget that".

During last winter, while food was not so adequate and crops were not at its best bloom a herd of elephant everyday as a practice crossed the fertile lands of Belzia in groups, whenever the mice saw them they took to hiding considering the big shapes of the beast. As a result of their luxury stroll, crops were not only destroyed there was panic within the mouse community. The elephants as if came from thin air on one fine day and just continued their daily routine. This happened for some days, when Mr. Rob Alan and Mr. Brown decided one day they would have to speak up. It's not a threat to the crops from which they live their lives, besides, it's incorrect to destroy nature's products as it creates an imbalance in the ecosystem.

Bianca Dutta

On the following day, both Mr. Alan and Mr. Brown stood right at the edge of the fields when the elephant clan started approaching. The clan first ignored these two mice-men when Mr. Alan, started climbing at the trunk of the head elephant and reached up to his ear and said, “Sir we need to have a word”. The elephant with very mixed feelings signaled his group to stop. That’s when the conversation happened and those mighty beasts, even though they looked like giants had hearts and brains. They regretted their unmind fullness and deeply apologized for destroying someone’s food. They promised they would change their routes.

Dear readers, that’s when Mr. Brown and Mr. Rob Alan shared the Thank You note that you read just at the inception of the story.
Therefore, the mouse clan decided to de-route and inform the elephant community first and then move to Altoria. Mr. Brown met up with Mr. John Ele, the head of the elephant community and shared in detail about why they were migrating in such a short notice. Mr. Ele however, said, “Mr. Brown no disrespect, we are all God’s creation but it can be a threat to you as you all are so tiny, this little vibration here and there what can that do to us, we are so huge”. Mr. Alan however very calmly said, “Sir, you respected us one day and hence even if we are not sure what it is, we thought to alert you. I’ll take your farewell now. We have a long way to go”. With that the mouse community left.

Bianca Dutta

The head of the elephants, even though at first never paid much heed to Mr. Brown later thought it must be something nonetheless, after all the entire mice clan is migrating. He summoned his clan and they decided to move to the next jungle, maybe just for the sake of vacation; at least they didn't feel any vibration etc. They packed their stuff and emerged for their vacation in late evening, all of them. "After all vacations are also required at times" is what Mr. John Ele said while they started for their journey.

The Animal Kingdom News Herald : A deep massacre broke upon the land of Belzia and in and around Belzia yesterday mid-night. A dormant Volcano which was thought to have gone extinct, erupted massively. The lava had destroyed the Forest of Eton Belzia including the fertile lands. No casualties have been reported so far.

Bianca Dutta



মা

দেবস্মিতা পাল

হঠাৎ করেই এমন এক একটা মূহর্ত আসে,
ঝড়ের বেগে ওলোট পালোট সব।
সেই রকমই এক মূহুর্তে তুমি গেলে তারাদের দেশে।
ব্যর্থ মন অশ্রুস্নাত হয়ে ফিরে গেল
সারারাত গায়ে মেখে বৃষ্টির জল।
নতুন ভোরে চোখের সামনে তুমি নেই,
অথচ চোখ বুজলেই তোমায় দেখি।
যেমন ধর দূরভাষে আর পাই না তোমায়,
অথচ শব্দ কথায় থেকে যাও।
আজ বুঝি বিভূ শুধু ছেড়েছে শরীর
চলে তুমি যাওনি কোথাও ।
পাশেই আছ, সাথেই আছ,
শক্তি হয়ে, সাহস হয়ে, ধৈর্য হয়ে।
ভালো থেকো মা ভালোবাসায় থেকো ।

CHASING SUNSETS IN THE GOLDEN PENINSULA

[All the above pictures were clicked by my parents]

Drishik Majumdar, 6B

26th October 2024, was a much anticipated day, because on that day, I along with my parents, were going to Malaysia- the Land of the Malays. Malaysia is a tropical South East Asian country occupying parts of the Malaysian peninsula and the island of Borneo, with its capital in Kuala Lampur. Malaysia enjoys equatorial climate with high temperatures and humidity throughout the year, still the best time to visit it is between October to March. We took a night flight to Singapore. The Changi International airport Singapore was gorgeous, with recently passed Durga Puja decorations, indoor gardens, 3D painted ceilings, numerous indoor plants as well as ponds with little goldfish swimming merrily. After clicking few pictures and roaming through different terminals, we boarded our next flight to Langkawi- an archipelago in Malaysia.

From witnessing a great view of the sea from the airplane window, to taking a drive through the city and reaching our hotel, everything seemed awesome to me. Our hotel was so close to the beach, that from the room we could see the waves lapping the shore. In the evening, we went to the Dream Forest. We had to take a stroll through a forest like area decorated with different kinds of lights and statues, while speakers attached on the trees told mythological stories of Langkawi. It was a lovely, unique and magical experience. After a luscious dinner, I fell asleep listening to the harmony created by the roars and splashes of the gentle, flowing waves.

Mural art on a 3 – storey building at Ipoh

Next day, we went to the Oriental Village. It was quite an interesting place, with different fun activities. First, we watched a 3D show, followed by a Ropeway Ride. Then we went to a 3D art museum. It had many illusions and realistic paintings. Our next destination was the Eagle Square. It was a place near the docks with a huge eagle statue facing the sea. We spent some time witnessing the sunset painting the sky in hues of scarlet and amber. We returned to our hotel and went to bed after dinner, with the unforgettable memory of a wonderful day in our minds.

The very next morning, we took a ferry to Alor Setar, and from there, a 2-hour bus ride to Ipoh. Ipoh is a small town famous for its street art and murals. That night, we tried Nasi Lemak- the traditional food of Malaysia. To be honest, I didn't like it very much. Next day, we visited some of the renowned cave temples of Ipoh. There were several Chinese and Buddhist temples carved out of rocky hills. I really loved the cleverly designed architectural structure of the temple, as well as the meticulous carvings on the cave walls. We also went for a walk around the town and saw some beautiful street art. I was in awe of the artists who painted 3D murals in buildings as tall as 3storey.

The following day, we took a flight to our next destination, Johor Bahru. I was eagerly waiting for this part of the trip. The reason for coming to Johor Bahru was Legoland, the home of my favourite Lego bricks. After lunch, we went to the main Legoland theme park. There were separate areas for different Lego themes. First was Lego Miniature. This area had huge intricate Lego models of famous monuments around the world. I was amazed and kept wondering that how the creators had designed and built such models. Next came Lego Imagination. We watched a 4D show and went on a fun roller coaster ride. After that, we went to Lego Adventure. It was based on the pyramids of Egypt. We went on a ride where we had to shoot laser beams out of a trolley. Then was Lego Ninjago. I enjoyed thoroughly.

The famous Putra Mosque, Putrajaya

Sunset from Eagle's Square, Langkawi

We had reached almost the last leg of our trip with our next visit to Putrajaya- its main attraction was the marvellous, intricately designed pink Putra Mosque. The pink colour was so surreal and royal that one could pass hours staring at it. Finally next day we visited the capital city of Malaysia-Kuala lampur. I was mesmerised by the tall skyscrapers and buildings towering our heads. The prodigiousness of the majestic Twin Tower and Kl tower took away my breath. The musical laser fountain show in front of the Twin tower during the evening was itself a sight to behold.

As our return flight left the grounds of Malaysia, my mind crawled into flashback to arrange neatly the wonderful moments of the past few days. Thus our tour ended with loads of photos in our phone gallery, hearts filled with gratitude but most importantly left an unforgettable trail of treasured memories in my mind, which I would relish throughout my life.

কী লিখবো?

মৌসুমী মজুমদার

(আইনজীবী – বেঙ্গালুরু)

1980s...দাদু-ঠাকুমা, বাবা-মা, দাদা আর আমি কলকাতাতে। পড়াশোনার পাশে পাশে আবৃত্তি, drawing competition সবই চলতো। মা রান্না করতে করতে দৌড়ে এসে শেখাতো। 'আয়নার সামনে দাঁড়িয়ে practice করতে থাকো... ঠিক করে মুখস্থ হয় যেন'

মা, আমার প্রথম teacher... 🙏

সংসারের কাজ, private tuition, আমার school সবই চালাতো মা। আর তার সাথে চলতো অসংখ্য আবৃত্তি competitionগুলো। Weekend এ ভোরবেলায় বাবা scooterএ করে মাকে আর আমাকে নিয়ে যেতো আকাশবাণী ভবন; অনেক দূরে, সেই Eden Garden-এর পাশে। শিশু মহলে recording করে বাড়ি ফিরতাম। আসবার সময়ে কানে radio লাগিয়ে আগের সপ্তাহের প্রোগ্রাম শোনা..... কিছু বছর পর শুরু হলো গল্প দাদুর আসর .... Weekendএ চলতো competitionগুলো। কখনো medal, কখনো certificate, কখনো বই পুরস্কার; কখনো খালি হাত। মা শুধু বলতো: 'ভুল থেকে শেখো; পরেরবার হবে'। বাবা আর দাদা বলতো: 'এগিয়ে যাও। আবার চেষ্টা করো'। এরকম করতে করতে দিন-বছর সব কাটে। মাধ্যমিক পরীক্ষা হয়ে যাওয়ার পরে বাবার চাকরি বশতঃ চলে যেতে হয় দিল্লি। সেখানে আবৃত্তি করার সুযোগ না পেলেও বাংলা নিয়ে পড়াশুনো continue করে CBSE 12thএ বাংলা ভাষাতে highest মার্ক্স নিয়ে পাশ করলাম।

তারপর ভাগ্য নিয়ে চলে এলো একেবারে southএ। Bangaloreএ National Law School থেকে law পাশ করলাম। তারপর আর কি? প্রেম, চাকরি, বিয়ে, বাচ্চা আর সংসার Bangaloreএই settled .....

2009 December আর 2010 January র মধ্যে জীবনের প্রথম ধাক্কা; মাত্র 43 দিনের মধ্যে মা-বাবা দুজনকেই হারালাম।

Fastforward to 2020s..

হঠাৎ কলকাতার সেই ছোটোবেলার বন্ধুগুলোর সাথে যোগাযোগ হলো। Facebookএ। watapp group বানানো হলো। Sharmishta বলে উঠলো: মৌ, তুই কবিতা বলা ছাড়িসনিতো?

কোথায় বুকের মধ্যে কেমন একটা করে উঠলো।

2022: Google search করে খুঁজে বের করলাম ShrutiManjari. Email করলাম। তারপর... সেই chapter বন্ধ। ।

Fastforward to 2025..

